

💵 শিয়া আকিদার অসারতা

বিভাগ/অধ্যায়ঃ তাদের ভ্রান্ত আকিদার একাদশ বিষয় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ইসলামে তাকীয়া (التقية) _এর বিধান

ইসলামে 'তাকীয়া' শূকরের মাংস ভক্ষণ করার চেয়েও বেশি কঠোরতার সাথে নিষিদ্ধ। কারণ, কঠিন পরিস্থিতিতে নিরুপায় ব্যক্তির জন্য শূকরের মাংস ভক্ষণ করা বৈধ; আর তেমনিভাবে অনুরূপ কঠিন পরিস্থিতিতেই শুধু 'তাকীয়া' বৈধ হবে। কারণ, কোন মানুষ যদি নিরুপায় অবস্থায়ও শূকরের মাংস ভক্ষণ করা থেকে মুক্ত থাকে এবং মারা যায়, তবে সে আল্লাহর নিকট গুনাহগার হবে। আর এটা 'তাকীয়া'র বিপরীত। কারণ, যখন কোন মানুষ নিরুপায় অবস্থায় 'তাকীয়া'র আশ্রয় না নেয় এবং মারা যায়, তবে আল্লাহর নিকট তার জন্য উচ্চ মর্যাদা ও সাওয়াবের ব্যবস্থা থাকবে। সুতরাং শূকরের মাংস ভক্ষণ করার অবকাশটি যেন শরীয়তের আবশ্যিক বিধানে রূপান্তরিত হয়, কিন্তু 'তাকীয়া'র অবকাশটি শরীয়তের আবশ্যিক বিধানে রূপান্তরিত হয়, নিন্তু 'তাকীয়া'র অবকাশটি শরীয়তের আবশ্যিক বিধানে রূপান্তরিত হয়, নি

বরং যে ব্যক্তি আল্লাহর দীনের জন্য 'তাকীয়া'র আশ্রয় না নিয়েই মৃত্যুবরণ করবে, সে ব্যক্তি তার এই মৃত্যুর কারণে শীঘ্রই মহাপ্রতিদানের অধিকারী হবে। আর এই ক্ষেত্রে প্রত্যেক অবস্থায় তাকীয়ার চেয়ে দৃঢ় সিদ্ধান্তই উত্তম। আর এই উম্মতের দীর্ঘ পথপরিক্রমায় ইসলামের ইতিহাসে রয়েছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক মুশরিকদের প্রদত্ত কন্ত সহ্যকরণ, অনুরূপভাবে আবূ বকর সিদ্দীক ও বেলাল রাদিয়াল্লাহু 'আনহুমা প্রমুখের কন্ত সহ্যকরণ; আম্মার রাদিয়াল্লাহু 'আনহুর মাতা সুমাইয়া ও খুবাইব রাদিয়াল্লাহু 'আনহুমা প্রমুখের শাহাদাত ইত্যাদি ধরনের বীরত্ব ও দৃঢ় সিদ্ধান্তের বহু বিরল ঘটনা ও কাহিনী এর উপর উত্তম দলিল যে, দৃঢ় সিদ্ধান্তই হল মূল বিষয়, অতি উত্তম ও সুন্দর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12711

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন